পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নং:- ১৭৩৫/শা- ২(ক)/প. তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২
৩১ আগস্ট ২০২৫

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## <u>২০২৪ সনের অনার্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরমপূরণের সংশোধিত বিজ্ঞপ্তি।</u>

মহোদয়, পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অধ্যক্ষ ঢাকা কলেজ ও সরকারি ৭ (সাত) কলেজের অন্তর্বর্তীকালীন প্রশাসকের সুপারিশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০২৪ সনের ১ম বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের অনলাইনে আবেদন ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের আনুষঙ্গিক কার্যক্রম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

**<u>পরীক্ষার ফি ও অন্যান্য ফিসের হার</u>**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পরীক্ষার ফি এর বিবরণ</th><th>টাকা</th><th>পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ</th><th>কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ</th></tr>
<tr><td>০১</td><td>তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি পূর্ণ পত্র)</td><td>৩০০/-</td><td rowspan="10">০১/০৯/২০২৫ হতে ০৯/০৯/২০২৫ তারিখ পর্যন্ত।</td><td rowspan="10">১১/০৯/২০২৫ তারিখ।</td></tr>
<tr><td>০২</td><td>তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি অর্ধ পত্র)</td><td>১৫০/-</td></tr>
<tr><td>০৩</td><td>ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে প্রতি পত্র/কোর্স)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে।</td><td>২০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>মৌখিক পরীক্ষার ফি (প্রযোজ্য ক্ষেত্রে) বিশ্ববিদ্যালয়ে জমা হবে।</td><td>২০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>বিশেষ অন্তর্ভুক্তি ফি (মানোন্নয়ন / গ্রেড উন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স ফি'র অতিরিক্ত) বিশ্ববিদ্যালয়ে জমা হবে।</td><td>৫০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/-<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/-</td><td>৩০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী– কলেজে জমা হবে। ১. কলেজের জন্য- ৩০০/-<br>২. কেন্দ্রের জন্য- ৪৫০/-</td><td>৭৫০/-</td></tr>
<tr><td>০৮</td><td>কেন্দ্র ফি- ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) – কলেজে জমা হবে</td><td>১২০/-</td></tr>
<tr><td>০৯</td><td>নন-কলেজিয়েট ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে)</td><td>১৫০০/-</td></tr>
<tr><td>১০</td><td>নম্বরপত্র ফি (প্রযোজ্য ক্ষেত্রে)</td><td>৪৫০/-</td></tr>
</table>

<u>বি.দ্র:</u> ২০২৪ সনের ১ম বর্ষ পরীক্ষায় যে সকল শিক্ষার্থী নম্বরপত্র নিতে ইচ্ছুক/ ইচ্ছুক নয় তা ফরমপূরণের সময় স্পষ্ট করে উল্লেখ করতে হবে। যারা নিতে ইচ্ছুক তাদের নম্বরপত্র ফি প্রদান করতে হবে যারা ইচ্ছুক নয় তাদের নম্বরপত্র ফি দিতে হবে না।

**<u>পরীক্ষা শুরুর তারিখ: ২১/০৯/২০২৫। পরীক্ষার বিস্তারিত সমসয়সূচি পরবর্তীতে জানানো হবে।</u>**

বি: দ্র: নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণ ও শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। পরীক্ষা অত্যাসন্ন বিধায় উক্ত তারিখের পর কোন শিক্ষার্থীর ফরম ও ফি গ্রহণ করা সম্ভব হবে না।

০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

**ক) ২০২৩-২০২৪** শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত এবং ২০২১-২০২২, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০২২, ২০২৩ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। **অনিয়মিত শিক্ষার্থীদের সকল পত্রে অংশগ্রহণ বাধ্যতামূলক।**

**খ) ২০২৩ সনের ১ম বর্ষ** পরীক্ষায় যারা **নিয়মিত/অনিয়মিত** হিসেবে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা আলোচ্য পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**গ) ২০২২ সনের ১ম বর্ষ** পরীক্ষায় **নিয়মিত/অনিয়মিত** হিসেবে অংশগ্রহণ করে উত্তীর্ণ কোন শিক্ষার্থী যদি ২০২৩ সনের ১ম বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ না করে থাকে তাহলে উক্ত শিক্ষার্থী ২০২৪ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, যদি ২০২৩ সনের ১ম বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে থাকে তাহলে তার ২০২৪ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের কোন সুযোগ থাকবে না।

**ঘ) ২০২৩ সনের ১ম বর্ষ** পরীক্ষায় যে সকল শিক্ষার্থী ২য় বর্ষে উত্তীর্ণের জন্য ন্যূনতম জি.পি.এ. (২.০০) না পেয়ে অকৃতকার্য হয়েছে তাদের মধ্যে যাদের সর্বোচ্চ ৩টি পত্রে "F" গ্রেড/ অনুপস্থিত আছে তাদেরকে পরবর্তী বর্ষে (২য় বর্ষ) উত্তীর্ণের সুযোগ দেয়া হয়েছে এবং "F" গ্রেড/ অনুপস্থিত পত্র/পত্রসমূহ মানোন্নয়ন পরীক্ষার্থী হিসাবে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**ঙ) ২০২৩ সনের ১ম বর্ষ** পরীক্ষায় যে সকল শিক্ষার্থী পরবর্তী বর্ষে উত্তীর্ণের জন্য ন্যূনতম জি.পি.এ. (২.০০) না পেয়ে অকৃতকার্য হয়েছে তাদের মধ্যে যাদের ৩টির অধিক পত্রে "F" গ্রেড/ অনুপস্থিত আছে তাদের সকল পত্রে অংশগ্রহণের পরিবর্তে শুধুমাত্র "F" গ্রেড/ অনুপস্থিত পত্র/পত্রসমূহ আলোচ্য পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে শিক্ষার্থীদের পরবর্তী বর্ষে (২য় বর্ষে) উত্তীর্ণের সুযোগ থাকবে না। কোন শিক্ষার্থী যদি অনিয়মিত হিসাবে সকল পত্রে অংশগ্রহণ করতে চায় সেক্ষেত্রে পূণ:ভর্তি হয়ে তারা সকল পত্রে অংশগ্রহণ করতে পারবে।

চ) ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী যারা ইতোমধ্যে ২য়, ৩য় এবং ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের ১ম বর্ষে "F" গ্রেড/ অনুপস্থিত পত্র/পত্রসমূহে আলোচ্য পরীক্ষায় মানোন্নয়ন হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এখানে উল্লেখ্য যে, যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ (০৬ শিক্ষাবর্ষ) ইতোমধ্যে শেষ হয়েছে (২০১৭-১৮ শিক্ষাবর্ষ) তারা ২৫০০/- টাকা জরিমানা (ফরমপূরণের ফি'এর অতিরিক্ত) প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

***** ব্যবহারিক/ ইনকোর্স/ মৌখিক/ মাঠকর্ম/ টিউটোরিয়াল/** অ্যাসাইন্টমেন্ট পরীক্ষায় **"F" গ্রেড ব্যতীত গ্রেড উন্নতিকরণের কোন সুযোগ নাই।**

**শিক্ষার্থীদের অবশ্যই উপরোক্ত শর্তাবলীর আলোকে ফরম পূরণ করতে হবে। শর্তাবলীর ব্যত্যয় ঘটিয়ে কোন শিক্ষার্থী ফরম পূরণ করলে তার ফরম বাতিল বলে গণ্য হবে।**

**শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

## মানোন্নয়ন

- ✓ কলা অনুষদের ক্ষেত্রে D থেকে B- গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ সামাজিক বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে D থেকে B গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে D থেকে C+ গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ ব্যবসায় শিক্ষা অনুষদের ক্ষেত্রে D থেকে A- গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up বাটনে** ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরম পূরণের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে এবং সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০৮/০৯/২০২৫** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

০২.**কলেজের জন্য করণীয়:**

**অনলাইনে আবেদন ফরমপূরণ ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):**

**ক)** পরীক্ষার ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7College.du.ac.bd) https://student.7college.du.ac.bd/ লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে **"আন ভেরিফাইড"** লিস্টে পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে, ডাটা এন্ট্রি সঠিক, পরীক্ষার ফি জমা সম্পন্ন এবং **শিক্ষার্থী ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী** পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ মহোদয় স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ মহোদয় স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের মাধ্যমে অথবা **ফরমপূরণের শর্তাবলী ব্যত্যয় ঘটিয়ে কোন শিক্ষার্থীর ফরম ভেরিফাই করলে ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না** উপরন্তু এ সকল শিক্ষার্থীর ফলাফল গ্রহণযোগ্য হবে না।

০৩.**ফি জমাদানের পদ্ধতি:**

২০২৪ সালের ১ম বর্ষ সম্মান পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষকে "Seven College Student fees" **শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে - অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে। ফরমপূরণের পূর্ণাঙ্গ হিসাব বিবরণীর সফট কপি ই-মেইলে প্রেরণ করতে হবে এবং প্রিন্ট কপি অধ্যক্ষ মহোদয় কর্তৃক স্বাক্ষর করে ব্যাংক ড্রাফটসহ ৩২২ নং কক্ষে জমা দিতে হবে।

০৪. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

অনার্স ১ম বর্ষ ২০২৪ পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে ইনকোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। ইনকোর্স পরীক্ষার নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট এবং ০১ (এক) কপি ইনকোর্স পরীক্ষার খাতাসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়া পর্যন্ত (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হল:
১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪। কলেজ পরিদর্শক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫। হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭। উপ-রেজিস্ট্রার, (শিক্ষা/ভর্তি), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১১। সহকারী রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ও সেকশন অফিসার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৩। ম্যানেজার, সোনালী/জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী) 31 AUG 2025
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

31·08·2025 31·08·2025